

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.২৫ /২০৭

তারিখ: ৯ বৈশাখ ১৪৩৩
২২ এপ্রিল ২০২৬

বিষয়: বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক হতে মাস্টার এলসি, ব্যাক-টু-ব্যাংক এলসি (Local & Foreign) এবং ইএক্সপি গ্রহণকালে 14 Digit BIN (হাইফেনসহ) সঠিকভাবে ব্যবহার নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস ব্যবস্থাপনা সংক্রান্ত সকল সেবা অটোমেশনের মাধ্যমে প্রদানের লক্ষ্যে গত ০১/০১/২০২৫ খ্রি. তারিখ হতে Customs Bond Management System (CBMS) সফটওয়্যার চালু করা হয়েছে। ইতোমধ্যে ইউটিলাইজেশন পারমিশন (ইউপি)-সহ অন্যান্য কার্যক্রমে বাংলাদেশ ব্যাংক থেকে API (Application Programming Interface)-এর মাধ্যমে প্রাপ্ত এলসি ও ইএক্সপি সংক্রান্ত তথ্য ব্যবহৃত হলেও বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্ত এলসি ও ইএক্সপি-এর তথ্য প্রতিষ্ঠানের 14 Digit BIN (হাইফেনসহ)-এর তথ্য সঠিকভাবে প্রতিফলিত হচ্ছে না।

২। উল্লেখ্য যে, ব্যাক-টু-ব্যাংক এলসি-তে BIN নম্বর না থাকলে একটি প্রতিষ্ঠানের এলসি অন্য প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহারের ঝুঁকি সৃষ্টি হয়। ইতোমধ্যে যাচাই করে দেখা যায় যে, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন শেনজেন মেটাল ইন্ডাস্ট্রিজ লি. (BIN নং-০০০৪৯৮৭৩৩-০১০৩) নামীয় প্রতিষ্ঠান কর্তৃক গত ০১/০২/২০২৬ খ্রি. তারিখ গৃহীত ইউপি-তে ডি. এইচ. প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ লি. (BIN নং-০০০৯৪৯৬৫৬-০২০৬) নামীয় অপর একটি প্রতিষ্ঠানের ব্যাক-টু-ব্যাংক এলসি (এলসি নং-১০০৫২৬০৩০০০১৪) ব্যবহার করা হয়েছে। একইভাবে কালার সিটি লি. (BIN নং-০০০৩৩১৩৯৪-০১০৩) নামীয় প্রতিষ্ঠান কর্তৃক গত ০১/০২/২০২৬ খ্রি. তারিখ গৃহীত ইউপি-তে ইস্ট-ওয়েস্ট স্যুটিং মিলস লি. (BIN নং-০০০৫৩৯৮০৫-০৪০৩) নামীয় অপর একটি প্রতিষ্ঠানের ব্যাক-টু-ব্যাংক এলসি (এলসি নং-১০০৫২৬০৩০০০৩১) ব্যবহার করা হয়েছে। এই প্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংকের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় এলসি ও ইএক্সপি-তে প্রতিষ্ঠানের 14 Digit BIN (হাইফেনসহ)-এর তথ্য সঠিকভাবে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক হতে মাস্টার এলসি, ব্যাক-টু-ব্যাংক এলসি (Local & Foreign) এবং ইএক্সপি গ্রহণকালে 14 Digit BIN (হাইফেনসহ) সঠিকভাবে ব্যবহারের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল অংশীজনকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



[সুরাইয়া সুলতানা]

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল: ssbondnbr@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা), বেপজা কমপ্লেক্স, ধানমন্ডি, ঢাকা।
- ২-৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম/ঢাকা (উত্তর/দক্ষিণ), ঢাকা।
- ৫। প্রশাসক, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
- ৬। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
- ৭। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলাদেশমোটর, ঢাকা।
- ৮। সভাপতি, বিজিএপিএমইএ, ২৭৩/৩, পশ্চিম মালিকদি, ইসিবি চত্ত্বর, ডিওএইচএস লিংক রোড, ঢাকা।
- ৯। সভাপতি, এলএফএমইএবি, হারার লিংক, ট-৯৪/বি. মধ্য বাজা গুলশান লিংক রোড, ঢাকা।
- ১০। সভাপতি, বিটিএ, বাড়ি নং-৫৭/৫ (২য় তলা) রোড ৪/এ, ধানমন্ডি, ঢাকা।
- ১১। সভাপতি, বিটিএমএ, লেভেল-৬, ইউটিসি ভবন, পাছপথ, কাওরান বাজার- ১২১৫।
- ১২। সভাপতি, বিপিজিএমইএ, ৬ষ্ঠ তলা, স্যুইট- ৬০৩/৬০৪, পল্টন টাওয়ার, ৮৭ পুরাতন পল্টন লাইন, ঢাকা।
- ১৩। সভাপতি, বিএলএমইএ, ইরেস্টর হাউস (১০ম তলা), ১৮ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানি বা/এ, ঢাকা।
- ১৪। সভাপতি, বিএফএলএলএফইএ, বাড়ি নং-৩২/এ, ফ্ল্যাট-বি/২, রোড-২, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.২৫

তারিখ: ৯ বৈশাখ ১৪৩৩
২২ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ২। প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

- ৩। সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড ম্যানেজমেন্ট সিস্টেম, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, রিভ সিস্টেমস লি., রিভ সেন্টার, প্লট-৯৪, পূর্বাচল এক্সপ্রেস হাইওয়ে, ডুমনি, খিলক্ষেত, ঢাকা।
- ৭-৮। অফিস কপি/গার্ড কপি।

।)

[সুরাইয়া সুলতানা]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)